

১. স্কুলের জন্য অসুস্থতার ছুটির আবেদন

তারিখ: ৩০ আগস্ট ২০২৬
বরাবর, প্রধান শিক্ষক,
সাদুল্লাপুর উচ্চ বিদ্যালয়,
গাইবান্ধা।

বিষয়: অসুস্থতার জন্য ছুটির আবেদন

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ১০ম শ্রেণির ছাত্র, রোল নং ১২। গত রাত থেকে আমার প্রচন্ড জ্বর। তাই আজ বিদ্যালয়ে উপস্থিত হতে পারছি না।
অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা, আমাকে ৩০ ও ৩১ আগস্ট ২ দিনের ছুটি মঞ্জুর করতে বাধিত করবেন।

বিনীত নিবেদক,
মো: রহিম,
১০ম শ্রেণি, রোল ১২

২. কলেজের জন্য আবেদন

তারিখ: ৩০ আগস্ট ২০২৬
বরাবর,
অধ্যক্ষ, সরকারি কলেজ,
গাইবান্ধা।

বিষয়: অসুস্থতার জন্য ছুটির আবেদন

জনাব,

আমি আপনার কলেজের একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্র। আমি ভাইরাল জ্বরে আক্রান্ত হয়ে গত ২ দিন ধরে বিছানায়। ডাক্তার আমাকে ৩ দিন বিশ্রামের পরামর্শ দিয়েছেন। তাই ৩০ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর পর্যন্ত ছুটির জন্য আবেদন করছি।

বিনীত নিবেদক

মো: আপেল মাহমুদ,
একাদশ শ্রেণির বিজ্ঞান বিভাগের ছাত্র,
রোল ১২, সরকারি কলেজ,
গাইবান্ধা।

৩. অফিসের জন্য অসুস্থতার ছুটির আবেদন

তারিখ: ৩০ আগস্ট ২০২৬

বরাবর,
ব্যবস্থাপক, এবিসি কোম্পানি লি.,
গুলশান, ঢাকা।

বিষয়: অসুস্থতাজনিত ছুটির জন্য আবেদন

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি আপনার প্রতিষ্ঠানে মার্কেটিং বিভাগে কর্মরত। আমি গতকাল থেকে ভাইরাল জ্বরে আক্রান্ত। ডাক্তার আমাকে ৩ দিন পূর্ণ বিশ্রামের পরামর্শ দিয়েছেন।

অতএব, আমাকে ৩০ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর পর্যন্ত ৩ দিনের ছুটি মঞ্জুর করার জন্য অনুরোধ করছি। প্রয়োজনীয় মেডিকেল সার্টিফিকেট সংযুক্ত করা হলো।

বিনীত নিবেদক,

মোশিউর রহমান,
আইডি ১২৩৪, এবিসি কোম্পানি লি.,
গুলশান, ঢাকা।

৪. গার্মেন্টস এর জন্য ছুটির আবেদন

তারিখ: ৩০ আগস্ট ২০২৬
বরাবর,
জেনারেল ম্যানেজার,
এক্সওয়াইজেড গার্মেন্টস, গাজীপুর।

বিষয়: অসুস্থতার জন্য ১ দিনের ছুটির আবেদন

জনাব,
আমি আপনার কারখানার সুইং সেকশনের অপারেটর। আমার আজ সকাল থেকে প্রচণ্ড জ্বর ও মাথা ব্যথা। ডিউটিতে যোগদান করতে পারছি না। আমাকে আজকের জন্য ১ দিনের ছুটি মঞ্জুর করুন।

বিনীত নিবেদক,

মোঃ মাহবুবুর রহমান,
আইডি: ২৩৪, এক্সওয়াইজেড গার্মেন্টস,
গাজীপুর।